দৈনিক বাংলা

তারিখ ... 11/9/78 ...
পৃষ্ঠা ... 4 ... কলাম ... 5 ...



# রাজশাহী শিক্ষা বোর্ড কর্মচারীদের ধর্মঘট প্রত্যাহার

রাজশাহী উচ্চ মাধ্যমিক ও মাধ্যমিক শিক্ষা বোর্ডের কর্মচারীরা ধর্মঘট প্রত্যাহার করেছেন এবং ধর্মঘটী কর্মচারীদের কাজে যোগদানের আহবান জানিয়েছেন।

বৃহস্পতিবার বোর্ড কর্মচারী ইউনিয়নের এক প্রেস বিজ্ঞপ্তির বরাত দিয়ে বাসসর এই খবরে বলা হয় বৃহস্পতিবার ইউনিয়ন নেতৃবৃন্দের সাথে শিক্ষা মন্ত্রী কাজী জাফর আহমদের আলোচনা হয়েছে। শিক্ষা মন্ত্রী কর্মচারীদের সমস্যা বিবেচনার আশ্বাস দেয়ায় ইউনিয়ন ধর্মঘট প্রত্যাহারের সিদ্ধান্ত গ্রহণ করেছে।